

# শিক্ষাপ্রতিষ্ঠানগুলো রাজনৈতিক দৃষ্টিক্রম দখলে নিয়েছে শিক্ষা উপদেষ্টা

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ০১:২৩, ২ অক্টোবর ২০২৫



শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার

দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলো রাজনৈতিক দৃষ্টিক্রম দখলে নিয়েছে বলে  
মন্তব্য করেছেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল (সিআর)  
আবরার। অন্তর্বর্তী সরকার এ দৃষ্টিক্রের দখলমুক্ত করতে কিছু  
নীতিমালা ও নিয়ম করছে। এতে শীঘ্রই রাজনৈতিক দৃষ্টিক্রের বদলে  
সমাজসেবী, শিক্ষানুরাগীরা শিক্ষাপ্রতিষ্ঠানের উন্নয়নে আবার  
নিঃস্বার্থভাবে এগিয়ে আসার সুযোগ পাবেন।

বুধবার দুপুরে ঢাকা আলিয়া মাদ্রাসার ২৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী  
উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব  
কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আলিয়া মাদ্রাসার অধ্যাপক  
মোহাম্মদ ওবায়দুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্ম  
বিষয়ক উপদেষ্টা আফ ম খালিদ হোসেন।

শিক্ষা উপদেষ্টা বলেন, অতীতে শিক্ষাপ্রতিষ্ঠানের উন্নয়নে সমাজের  
মহৎ ও ধনী ব্যক্তিদের বড় রকমের ভূমিকা ছিল। এলাকাবাসী সকলে

মিলেও স্কুলের উন্নয়নে অনেক কাজ করতেন। পরবর্তীকালে রাজনীতির যে দুষ্টচক্র, তারা শিক্ষাপ্রতিষ্ঠানগুলো দখলে নিয়ে নিয়েছে। এ দখলের কারণে যারা সমাজসেবার কাজ করেন; শিক্ষাপ্রতিষ্ঠানের উন্নয়নে নিজ উদ্যোগে কাজ করতেন; তারা নিরুৎসাহিত হয়েছেন। শিক্ষার উন্নয়নকাজ থেকে নিজেদের গুটিয়ে নিয়েছেন। তারা আর এগুলোতে জড়িয়ে আমেলায় পড়তে চান না। ফলে সব দায়ভার শুধু সরকারের কাঁধে পড়েছে।